



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ইংরেজি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক শাহীন মাহবুবা কবীর আর নেই ॥ উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১১ নভেম্বর ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক শাহীন মাহবুবা কবীর আর নেই। আজ সকালে তিনি ঢাকায় নিজের বাসায় মৃত্যুবরণ করেন। (ইন্ফা লিঙ্গাহি---- রাজিউন)। জানা যায়, তিনি দুই বছরের বেশি সময় ধরে দুরারোগ্য ক্যানসারে ভুগছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। অধ্যাপক শাহীন মাহবুবা কবীর জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী ও শিক্ষাবিদ মেহের কবীরের বড় মেয়ে। তাঁর বাবার সঙ্গে যৌথভাবে অনুদিত ও প্রকাশিত স্যামুয়েল বেকেটের ১৫টি নাটকের একটি বই আছে। তিনি এক ছেলে, এক মেয়ে, এক বোন ও অসংখ্য ছাত্র-ছাত্রী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

### উপাচার্যের শোক

অধ্যাপক শাহীন মাহবুবা কবীর-এর প্রয়াণে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক শাহীন মাহবুবা কবীর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন অধ্যাপনাকালে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণায় তাঁর অবদান ছিল অপরিসীম। বিশ্ববিদ্যালয় প্রশাসন তা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তাঁর প্রয়াণে শিক্ষা ক্ষেত্রে বিশেষভাবে ইংরেজি সাহিত্যে যে শূন্যতা তৈরি হলো, তা অপূরণীয়। উপাচার্য প্রয়াত অধ্যাপক শাহীন মাহবুবা কবীর-এর পরিবারের সদস্যদের প্রতি শোক ও সমবেদনা প্রকাশ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)